

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৭, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[ভ্যাট বিভাগ]

আদেশ

তারিখ : ১৮ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ/৩১ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

নং ০৮.০১.০০০০.০৬৮.২৪.০০২.১৪/৪২—সম্প্রতি সিগারেট পেপার আমদানিকারক প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে স্থানীয় পর্যায়ে মূল্য সংযোজন কর যথাযথভাবে প্রদান না করিবার অভিযোগ জাতীয় রাজস্ব বোর্ডের গোচরীভূত হইয়াছে। উদ্ভূত পরিস্থিতিতে এই খাত হইতে আইনানুগ রাজস্ব আহরণ নিশ্চিত করিবার লক্ষ্যে সিগারেট পেপার এবং এই শিল্পে ব্যবহার্য অন্যান্য উপকরণ আমদানিকারকদের ক্ষেত্রে নিম্নবূপ শর্তাদি আরোপ করা হইলো, যথা :—

- (ক) সিগারেট ও বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে আমদানি পর্যায়ে শুল্কায়ন সংক্রান্ত দলিলাদির সহিত সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় দপ্তর কর্তৃক আমদানীকারক প্রতিষ্ঠানের অস্তিত্ব নিশ্চিত করিয়া নিয়মিত দাখিলপত্র প্রদানের বিষয় উল্লেখপূর্বক ইস্যুকৃত প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে শুল্কায়ন কার্যক্রম সম্পাদন করিতে হইবে;
- (খ) কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন হইলে পর পণ্য খালাস প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় দপ্তরকে ইমেইল ও ডাকযোগে খালাসকৃত পণ্যের নাম ও পরিমাণ উল্লেখ করিয়া অবহিত করিবে; এবং
- (গ) মূল্য সংযোজন কর বিভাগীয় দপ্তর সময় সময় আমদানিকৃত পণ্যের মজুদ গ্রহণ এবং সরবরাহ প্রক্রিয়া পরিবীক্ষণ করিবে।

(১৪১৩)

মূল্য : টাকা ৪.০০

০২। আলোচ্য আমদানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে উল্লিখিত শর্তাদির কোনরূপ ব্যত্যয় পরীলক্ষিত হইলে তাৎক্ষণিকভাবে তাহা সংশ্লিষ্ট কমিশনারকে অবহিত করিতে হইবে।

০৩। এই আদেশ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে বলে জারি করা হইলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

হাছান মুহম্মদ তারেক রিকাবদার

প্রথম সচিব (মুসক নীতি)।